**স্নাতকোত্তর পরীক্ষা ২০২৪**

**বাংলা**

সেমেস্টার : ৪ কোর্স : ১

**বিংশ শতাব্দীর বাংলা কথাসাহিত্য : প্রকরণ**

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৪০

প্রশ্নের মান ডান দিকে দেওয়া হল

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

**একক — ১**

১। 'পিকারেস্ক' কী? পিকারেস্ক রচনা নিয়ে একটি সংক্ষিপ্ত নিবন্ধ প্রস্তুত করো। বাংলা সাহিত্য থেকে একজন 'পিকারেস্ক' চরিত্রের নাম লেখো। ২+৭+১ = ১০

২। 'চেতনাপ্রবাহ রীতি' কী? এর সঙ্গে অন্তঃসংলাপ (Interior monologue)- এর অনিবার্য সম্পর্ক বাংলা উপন্যাস অবলম্বনে আলোচনা করো। ২+৮= ১০

৩। অণুগল্প কী? বিংশ শতাব্দীর বাংলা সাহিত্যে অণুগল্পের গতিপ্রকৃতি সম্পর্কে আলোকপাত করো। ২+৮= ১০

**একক — ২**

৪। ই এম ফর্স্টারকে অনুসরণ করে 'প্লট'-এর ধারণাটি সুস্পষ্ট করো। এই বহুল প্রচলিত ধারণা ছাড়াও 'প্লট'-কে আর কোন কোন দিক থেকে বিবেচনা করা যায় তা উদাহরণ সহযোগে দেখাও। 'প্লটলেসনেস'-ও কি একধরনের 'প্লট'? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৩+৫+২=১০

৫। আখ্যানের 'নিরীক্ষণ বিন্দু' বলতে কী বোঝ? 'ফোকালাইজেশন' কাকে বলে? উদাহরণসহ 'নিরীক্ষণ বিন্দু' আর 'ফোকালাইজেশন'-এর একটি তুলনাত্মক আলোচনা উপস্থাপন করো। ২+২+৬=১০

৬। উপন্যাসের 'পটভূমি'-র ধারণাটি পরিস্ফুট করো। 'দেশমাত্রা' আর 'কালমাত্রা'-র আপেক্ষিক সক্রিয়তার ভিত্তিতে কোন কোন ধরনের উপন্যাস-সংরূপ পরিলক্ষিত হয় তা উদাহরণসহ আলোচনা করো। ৪+৬=১০

**একক — ৩**

৭. রবীন্দ্রগল্পের প্রকরণগত পরীক্ষা-নিরীক্ষার সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

৮. বিশ শতকের ষাটের দশক পর্যন্ত (রবীন্দ্র ব্যতিরেকে) বাংলা উপন্যাসে প্রকরণের নবনিরীক্ষা নিয়ে আলোচনা করো। ১০

৯. 'ছোটগল্প:নূতন রীতি' আন্দোলন নিয়ে একটি সংক্ষিপ্ত নিবন্ধ লেখো। ১০

১০। **যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :** ৫X ২= ১০

ক) নারায়ণ গঙ্গোপাধ্যায় 'সাহিত্যে ছোটগল্প' বইতে 'প্রতীতি'র যে সংজ্ঞা দিয়েছেন তা লেখো।

খ) ১৯৪৯-এ জাদু-বাস্তবতা বিষয়ে যে দুটি উপন্যাস প্রকাশিত হয় লাতিন আমেরিকায়, এর লেখকদের নাম লেখো।

গ) পটভূমি পুরোভূমিতে পর্যবসিত হয়েছে এমন দুটি বাংলা উপন্যাসের নাম লেখো।

ঘ) 'Narratologie' শব্দটি আধুনিক 'Narratology' অর্থে কে, কত সালে প্রথম ব্যবহার করেন?

ঙ) সত্তর-পরবর্তী বাংলা কথাসাহিত্যের বিকল্প প্রকরণ ভাবনার দুটি বৈশিষ্ট্য লেখো।

চ) শাস্ত্রবিরোধী আন্দোলনের মুখপত্র কোন পত্রিকা? এর প্রথম সংখ্যায় কতজন লেখক গল্প লিখেছিলেন?

---

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৪

বাংলা

সেমেস্টার : ৪ কোর্স : ২

বিশেষপত্র : বিংশ শতাব্দীর বাংলা কথাসাহিত্য : উপন্যাস

পূর্ণমান : ৪০

সময় : ৩ ঘণ্টা

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দিতে হবে

একক-১

১. মানিক বন্দ্যোপাধ্যায়ের 'পুতুলনাচের ইতিকথা' উপন্যাসে যদি 'নিয়তিবাদ'-এর ইশারা থাকেও তবু সেই 'নিয়তি' গ্রিক ট্রাজেডির মতো কোনো 'অন্ধ অপ্রতিরোধ্য অনিবার্য ভবিতব্য' নয়। বরং সে হল 'মানুষের হাতে-কাটা খাল।'— উপন্যাসটির নিবিড় পাঠসূত্রে মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো। ১০

২. 'পুতুলনাচের ইতিকথা' উপন্যাসের উপসংহারে শশীকে 'ক্লান্ত'; না কি 'ক্লান্তিহীন নাবিক' মনে হয়? — উপন্যাসটির অভ্যন্তরীণ সাক্ষ্য-সহযোগে তোমার বক্তব্য প্রতিষ্ঠা করো। ১০

৩. 'সত্যি মিথ্যায় জড়ানো জগৎ। মিথ্যারও মহত্ত্ব আছে। হাজার হাজার মানুষকে পাগল করিয়া দিতে পারে মিথ্যার মোহ।' 'পুতুলনাচের ইতিকথা' উপন্যাসে কোন কোন চরিত্রের ক্ষেত্রে এই মন্তব্য বিশেষভাবে প্রযোজ্য বলে তোমার মনে হয়? তোমার উত্তরের সপক্ষে উপযুক্ত যুক্তি দাও। ১০

একক-২

৪. 'রহু চণ্ডালের হাড়' উপন্যাস অবলম্বনে পীতেম থেকে শুরু করে শেষ পর্যন্ত একটি বংশতালিকা প্রস্তুত করো। পীতেমের পূর্ববর্তী মানুষজনকে ধরে উপন্যাসে যে ইতিহাস রয়েছে তা বিবৃত করো। ৩+৭=১০

৫. 'শহরায়' উৎসব কী ? 'রহু চণ্ডালের হাড়' উপন্যাস অবলম্বনে শহরায় উৎসবের গুরুত্ব নিরূপণ করো। ৩+৭=১০

৬. 'রহু চণ্ডালের হাড়' উপন্যাসের 'সূচনা'-কে ধরে 'সমাপ্তি'-র তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

একক-৩

৭. 'মৈত্রেয় জাতক' উপন্যাসে বর্ণিত সময় ও সমাজের পরিচয় দাও। ১০

৮. 'কিন্তু রাজা তো মানুষও'— এই উক্তির আলোকে বিম্বিসার চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

৯. সুমনাপুত্রী থেকে মিগারমাতা হয়ে ওঠার যাত্রাপথ অবলম্বনে বিশাখা চরিত্রের বৈশিষ্ট্যগুলি নিয়ে আলোচনা করো। ১০

১০. **টীকা লেখো (যে-কোনো পাঁচটি)** ২×৫= ১০

ক. 'মনটা বড় নরম হয়ে গেছে দাদা'— 'পুতুলনাচের ইতিকথা' উপন্যাসের কোন চরিত্রের উক্তি ? উপন্যাসটির কত সংখ্যক অধ্যায় থেকে এটি উদ্ধৃত হয়েছে ?

খ. 'ঘটনাচক্রে তিনি ব্রহ্মচারী,'— কে এই 'ব্রহ্মচারী' ? গোপালের সঙ্গে তাঁর কী সম্বন্ধ ?

গ. কোন পবিত্র নদীর তটে বিশেষ কোন দিনে ভূমিকম্পে বাজিকরদের জীর্ণ ঘরবাড়ি ধ্বংস হয়েছিল ?

ঘ. সম্পর্কের দিক থেকে শারিবা লুবিনির কে? লুবিনির স্বামীর নাম কী ?

ঙ. জিতসোমা কোথা থেকে মগধে এসেছিলেন এবং তাঁর মায়ের নাম কী ?

চ. গৌতম বুদ্ধের সমকালীন দুজন তীর্থঙ্করের নাম লেখো।

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৪

বাংলা

সেমেস্টার : ৪ কোর্স : ৩

বিশেষপত্র : বিংশ শতাব্দীর বাংলা কথাসাহিত্য : গল্প

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণপ্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও।

একক—১

১। সামন্ততন্ত্র ও ধনতন্ত্রের সংঘাত থাকলেও 'ফসিল' গল্পে শেষ পর্যন্ত শোষক-শোষিতের দ্বন্দ্বই চিত্রিত হয়েছে। — এ বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো। ১০

২। 'চতুর্থ পানিপথের যুদ্ধ' গল্পের নামকরণের যৌক্তিকতা বিচার করো। ১০

৩। যুদ্ধ ও মন্বন্তরের আখ্যানকে আরও তীব্র ও ব্যঞ্জনাময় করতে লেখক কীভাবে মিথকে ব্যবহার করলেন, 'দুঃশাসন' গল্প আলোচনা করে তা বুঝিয়ে দাও। ১০

একক — ২

৪। 'রাইচরণের বাবরি' ও 'গিরগিটি' গল্পের সাদৃশ্য এবং বৈসাদৃশ্য সম্পর্কে আলোচনা করো।

৫। 'নদী ও নারী' গল্পে প্রথম পুরুষের দৃষ্টিকোণ ব্যবহারের তাৎপর্য বুঝিয়ে দাও। ১০

৬। মতি নন্দীর 'চোরা ঢেউ' গল্পটি মেয়েলি গল্প নয়, মেয়েদের জীবন অস্তিত্বের গল্প। তাকে গতি দিয়েছে নিম্নবিত্তের নস্টালজিয়া। আলোচনা করো। ১০

একক — ৩

৭। 'নরকের প্রহরী' গল্পে অবক্ষয়িত সময়কে ঘটনা-চরিত্র-আঙ্গিকে রূপ দিয়েছেন দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়। — আলোচনা করো। ১০

৮। সময় ও মূল্যবোধের রূপান্তর ও অবক্ষয়ের ছবি 'সাক্ষী ডুমুর গাছ' গল্পে কীভাবে চিত্রিত করা হয়েছে তা আলোচনা করো। ১০

৯। 'চন্দনেশ্বরের মাচানতলা' গল্পটি পাঠককে সমকালীন বিশ্ব-বাস্তবতা থেকে উত্তরণের মন্ত্রে উজ্জীবিত করে। — মন্তব্যটি সমর্থনযোগ্য কি না বিচার করো। ১০

১০। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৫×২ = ১০

ক। 'এতে তো তোমাদের খুশি হবার কথা।'— কে কাদের উদ্দেশে একথা বলেছেন ?

খ। 'সৈনিক' গল্পে নতুন যুগের সৈনিক কারা ?

গ। 'থলথলে দেহটা ডোবায়-ভাসা কলসির মতো মন্থর হয়ে ডুবে পড়ল।' গল্পটির লেখক কে? উপমাটি কেন ব্যবহার করা হয়েছে?

ঘ। 'রাইচরণের বাবরি' ও 'নদী ও নারী' গল্প দু'টি প্রথম কোন কোন পত্রিকায় প্রকাশিত হয়?

ঙ। 'পরী' গল্পের কাল পটভূমি কি ?

চ। 'কিন্তু ওর সঙ্গে ঘর করতে করতেও আমি আতঙ্কে মরি।' কোন গল্পের অংশ? বক্তা কে?

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৩

বাংলা

সেমেস্টার : ৪ কোর্স : ১

বিংশ শতাব্দীর বাংলা কথাসাহিত্য:প্রকরণ

পূর্ণমান : ৪০

সময় : ৩ ঘণ্টা

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক — ১

১। উৎপত্তিস্থল ও জনজাতি ম্যাজিক রিয়ালিজম তত্ত্বকে যে বিশেষ স্বভাব দান করেছে তা নিয়ে আলোচনা করো। ২+৮=১০

২। ডেভিড ডাইচেজ উপন্যাসের যে সংজ্ঞা দিয়েছেন তার যৌক্তিকতা বিচার করো। ১০

৩। ব্রান্ডার ম্যাথুজ অনুসরণে নারায়ণ গঙ্গোপাধ্যায় ছোটোগল্পের যে সংজ্ঞা দিয়েছেন তার সীমাবদ্ধতা কোথায় কোথায় তা বুঝিয়ে দাও। ১০

একক — ২

৪। উপন্যাসের 'পটভূমি' বলতে কী বোঝ? উপন্যাসের আলোচনায় পটভূমির গুরুত্ব কতখানি তা দৃষ্টান্ত সহযোগে দেখাও। ২+৮=১০

৫। 'উপন্যাসের সময়সত্তা' বিষয়ে একটি নাতিদীর্ঘ প্রবন্ধ রচনা করো। ১০

৬। উপন্যাসের 'দেশমাত্রা' ও 'কালমাত্রা' বলতে কী বোঝ? উপন্যাসের ডিসকোর্সে এই দুই মাত্রা কীভাবে অংশগ্রহণ করে, তা যথাযথ দৃষ্টান্ত সহযোগে ব্যাখ্যা করো। ৪+৬=১০

একক — ৩

৭. রবীন্দ্রনাথ তাঁর উপন্যাস রচনায় যে প্রকরণগত পরীক্ষা-নিরীক্ষা করেছিলেন তার একটি সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

৮. সত্তর-পরবর্তী বাংলা কথাসাহিত্যে বিকল্প প্রকরণ ভাবনার বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো। ১০

৯. শাস্ত্রবিরোধী গল্প-আন্দোলন নিয়ে একটি সংক্ষিপ্ত নিবন্ধ লেখো। ১০

১০। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৫X২=১০

ক) মাইকেল যোসেফের কোন বইয়ে কোন আলোচক প্রসঙ্গে ছোটোগল্প ও ত্রিভুজের কথা বলা হয়েছে?

খ) উদাহরণ-সহ ছোটোগল্পে whip kick ending বুঝিয়ে দাও।

গ) পটভূমি পুরোভূমিতে পর্যবসিত হয়েছে এমন দুটি বাংলা উপন্যাসের নাম লেখো।

ঘ) মিখাইল বাখতিনের উপন্যাসতত্ত্ব বিষয়ক দুটি বইয়ের ইংরেজি নাম লেখো।

ঙ) 'ছোটগল্প : নূতন রীতি'র প্রথম দুটি সংখ্যায় প্রকাশিত গল্পদুটির নাম লেখো।

চ) দুটি উত্তম পুরুষের নিরীক্ষণ বিন্দু রয়েছে এরকম দুটি রবীন্দ্র গল্পের নাম লেখো।

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৩

বাংলা

সেমেস্টার : ৪ কোর্স : ২

বিশেষ পত্র : বিংশ শতাব্দীর বাংলা কথাসাহিত্য : উপন্যাস

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

## একক-১

১। 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাস পড়লে মনে হয়, অবস্থান্তরে মানুষ কখনো 'পুতুল' আবার কখনো 'বাজিকর'-এর ভূমিকা পালন করে থাকে। — উপন্যাসের অধিকাংশ চরিত্রের মধ্যে এই দ্বৈতসত্তার যুগপৎ সহাবস্থান কীভাবে ঘটেছে, দেখাও। ১০

২। 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসের শশী, গোপাল ও যাদবের ট্র্যাজেডির স্বরূপ সংক্ষেপে আলোচনা করো। ১০

৩। 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসের কুসুম-মতি-বনবিহারী-জয়া এপিসোডটি নিতান্ত 'প্রক্ষিপ্ত' নয়। মূলকাহিনিটির সংকট অনুধাবন করার ক্ষেত্রে এই চরিত্রগুলির অবতারণা জরুরি ছিল। — মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১০

## একক-২

৪। 'রহু চণ্ডালের হাড়' উপন্যাসে সময়ের ব্যবহার বিষয়ে আলোচনা করো। ১০

৫। 'সাঁওতালরা মহাজন, মালিকের শোষণে একেবারে নিঃস্ব হয়ে গেছে। ফলে ধান ওঠার আগে উৎসবের কথা কেউ ভাবতে পারে না।' — 'রহু চণ্ডালের হাড়' উপন্যাস অবলম্বনে একথার তাৎপর্য বুঝিয়ে দাও। ১০

৬। 'দনু বাজিকরের পুত্র পীতেম বাজিকর তার অপরিসীম ধৈর্য-স্থৈর্য, অন্তর্দর্শী চিন্তা-চেতনা আর অপরিসীম অভিজ্ঞতার গুণে দলের অবিসংবাদী নেতা হয়ে উঠেছে।' — একথার যাথার্থ্য বিচার করো। ১০

## একক-৩

৭। 'গৌড়মল্লার' উপন্যাসে বর্ণিত সময়ে কর্ণসুবর্ণের যে সামগ্রিক অবক্ষয়ের চিত্র বর্ণিত হয়েছে তার যথাযথ বিশ্লেষণ করো। ১০

৮। 'গৌড়মল্লার' উপন্যাসের ইতিহাস সংক্রান্ত বিষয়ে আলোচনা করো। ১০

৯। গুঞ্জা ও কুহু চরিত্রদুটির আলোচনা প্রসঙ্গে বজ্রদেবের জীবনে তাদের প্রভাব কতটা পড়েছিল তা ব্যাখ্যা করো। ১০

১০। সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোনো পাঁচটি): ২ × ৫ = ১০

ক) 'শরীর! শরীর! তোমার মন নাই কুসুম?' — 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসের কোন অধ্যায়ের অন্তিম বাক্য এটি? উপন্যাসটিতে মোট কটি অধ্যায় আছে? ১ + ১ = ২

খ) বনবিহারীর আঁকা যে-ছবিটি নিয়ে গর্বের অন্ত ছিল না জয়ার, সেটিতে কী আঁকা ছিল? ছবিটির প্রতীকী তাৎপর্য কী বলে মনে হয়? ১ + ১ = ২

গ) কোন চরিত্রের কথন ও কোন চরিত্রের শ্রবণের মধ্য দিয়ে 'রহু চণ্ডালের হাড়' উপন্যাসের সূচনা হয়েছে? ১ + ১ = ২

ঘ) পীতেমের মেয়ের নাম কী? পরতাপের পিতার নাম কী? ১ + ১ = ২

ঙ) কোদণ্ড মিশ্র কে ছিলেন? তাঁর বেঁচে থাকার মূল উদ্দেশ্য কী ছিল? ১ + ১ = ২

চ) কে কাকে মধুমথন নাম দিয়েছিল? ১ + ১ = ২

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৩

বাংলা

সেমেস্টার : ৪ কোর্স : ৩

বিশেষপত্র : বিংশ শতাব্দীর বাংলা কথাসাহিত্য : গল্প

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণপ্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক–১

১। তোমাদের পাঠ্য সুবোধ ঘোষের গল্পগুলি অবলম্বনে লেখকের জীবনদৃষ্টির যুক্তিপূর্ণ বিশ্লেষণ করো। ১০

২। প্রকৃতি, পশু আর প্রাকৃতিক মানুষ মিলে আদিম জৈবলীলার আখ্যান গড়ে উঠেছে 'জান্তব' গল্পে। আলোচনা করো। ১০

৩। "আসলে প্রেমের পরিণতিই হচ্ছে পূর্ণগ্রাস — ওর একমাত্র উপমা ভেনাস ফ্লাইট্র্যাপ। ... শুধু মানুষের প্রেম নয়, প্রকৃতির প্রেমও ঐরকম সর্বগ্রাসী।" 'বনতুলসী' গল্পে বক্তার এই উক্তি কীভাবে প্রতিপাদিত হয়েছে আলোচনা করো। ১০

একক — ২

৪। 'গিরগিটি' গল্পের ভুবনকে কেন গিরগিটি বলা যাবে তার বিচার করো। ১০

৫। মতি নন্দী তাঁর 'বেহুলার ভেলা' গল্পে নিম্ন-মধ্যবিত্তের সংসার-সংগ্রামকে কীভাবে সমকালীন সময়ের প্রেক্ষিতে চমৎকার ডিটেলিং-এর মধ্য দিয়ে উপস্থাপন করেছেন আলোচনা করো। ১০

৬। 'শবাগার' গল্পটিতে নকশাল আন্দোলনের ভয়াবহ দিনগুলোতে নিরাপত্তাহীনতায় ভোগা মুকুন্দ রিরংসাকেই বেছে নিয়েছেন সমস্যা মুক্তির উপায় হিসাবে। আলোচনা করো। ১০

একক — ৩

৭। 'জটায়ু' গল্পে দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় বিষয় ও আঙ্গিকের সংমিশ্রণে অসাধারণ দক্ষতায় সময়কে উপস্থাপন করেছেন। আলোচনা করো।

৮। যুদ্ধ ও দেশভাগ 'বৃত্ত' গল্পের রানীর জীবনে নয় ও দারিদ্র্যের ধারণাকে কীভাবে বদলে দিয়েছিল তার বিশ্লেষণ ও ব্যাখ্যা দাও। ১০

৯। "পড়ে আছি আমি — আর সেই ডুমুর গাছটা"। 'সাক্ষী ডুমুর গাছ' গল্পে এরা কোন সাক্ষ্য বহন করছে, আলোচনা করো। ১০

১০। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৫×২

ক। দেবীদাস ও গৌরদাস কী দেখে একসঙ্গে চমকে উঠেছিল ?

খ। 'সে আমাদের গান্ধী ছিল যেন।' — উক্তিটি কার? সে 'আমাদের গান্ধী' বলতে কার কথা বুঝিয়েছে ?

গ। 'নদী ও নারী' এবং 'রাইচরণের বাবরি' প্রথম কোন সালে, কোন পত্রিকায় বের হয়েছিল ?

ঘ। 'এই শরীরটাই আমার সব' কোন গল্পে আছে ? কার উক্তি ?

ঙ। 'পরী' গল্পে বেহালা বাদক বিপিনবাবুর সঙ্গে গল্পকথকের কোথায় প্রথম দেখা হয়েছিল? কথক কেন সেখানে ছিলেন ?

চ। 'ফুর্তি করবেন, হোটেল ভাড়া ভি দিবেন না ?' — কে কাকে একথা বলেছে ?